

প্রকল্পের নাম: পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্প

- দপ্তর বা বিভাগের নাম: স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি দপ্তর
- প্রকল্পের উদ্দেশ্য: স্বনির্ভর গোষ্ঠীগুলিকে ব্যাংক থেকে প্রাপ্ত ঋণের সুদে ভরতুকি দিয়ে ঋণের বোঝা কমানো। স্বনির্ভর দলগুলো বাণিজ্যিক ব্যাংক, আঞ্চলিক গ্রামীণ এবং সমবায় ব্যাংক থেকে ঋণ নেয় বার্ষিক ১১ শতাংশ হারে। সরকার এই সুদের ৯ শতাংশ ভরতুকি হিসেবে দেয়। বাকি ২ শতাংশ স্বনির্ভর দলগুলিকে দিতে হবে।

ঋণ-ভরতুকির সুবিধাপ্রাপ্ত স্বনির্ভর দলগুলিকে ঋণদানকারী ব্যাংকগুলি বৈদ্যুতিন মাধ্যমে এই ভরতুকি দাবি করতে পারে পশ্চিমবঙ্গ স্বরোজগার কর্পোরেশন লিমিটেডের কাছে। এই দাবি সঠিক বিবেচিত হলে স্বনির্ভর গোষ্ঠীর অ্যাকাউন্টে ওই ভরতুকির টাকা RTGS/NEFT-এর মাধ্যমে জমা পড়বে।

- কারা আবেদন করতে পারবেন: রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীগুলি।
- যোগাযোগ: ম্যানেজিং ডিরেক্টর, পশ্চিমবঙ্গ স্বরোজগার কর্পোরেশন লিমিটেড (West Bengal Swarojgar Corporation Ltd.—WBSCL)
স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দপ্তর, ইস্ট ইন্ডিয়া হাউস (প্রথম তল), ২০বি আব্দুল হামিদ স্ট্রিট, কলকাতা-৬৯, email : wbscl@yahoo.com

